

রঙের ক্লাস

আবার আসবে ওরা, সামনের সপ্তাহে,  
অনভ্যস্ত হাত নিপুণ ভাবে ঐঁকে চলে বেমালুম  
নানা অভিব্যক্তি, মিলন দৃশ্য, বোমা বিমান,  
আমি লজ্জিত হই মনে মনে।  
তিমি মাছ আঁকতে গিয়ে ঐঁকে ফেলি শুধুই সমুদ্র  
বোঝাতে চাই  
গভীরতা বোঝাতে ঠিক কি কি রঙ ব্যবহার করবে ওরা  
কিন্তু গভীরতা নয়-  
ওরা আঁকতে চায় পালতোলা নৌকা।  
অগত্যা নোঙর টেনে আমি খড়ের ছাউনি দেওয়া ঘরের সামনে  
আর গালে হাত দিয়ে ভাবি - এতদিন শুধু কি  
ধূসর শরীর মন ঐঁকে গেছি আমি ?  
রাতেও পাহাড়ের পেছনে লাল সূর্য ওঠে ওদের।  
সপ্তাহে শেষে ফিরে আসে ওরা  
সাদা খাতা, মোমরঙ নিয়ে  
আমায় রঙিন করবে বলে ॥

দেবলীনা দাশগু